

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৩৫: শির্ক কত প্রকার?

শির্ক দুই প্রকার। যথাঃ

১. বড় শির্কঃ যেমন: মৃত ব্যক্তির নিকট সাহায্য চাওয়া, আল্লাহ ছাড়া আর কেউ বাস্তবায়নে অক্ষম- এমন কোনো বিষয়ে অন্যের কাছে সাহায্য প্রার্থনা করা, আল্লাহ ছাড়া অন্যের উপর ভরসা করা, আল্লাহ ব্যতীত অন্যের উদ্দেশ্যে যবেহ করা ইত্যাদি। শির্কের গোনাহ আল্লাহ ক্ষমা করেন না। আল্লাহ বলেন,

﴿ إِنَّ ٱللَّهَ لَا يَعْدَقِرُ أَن يُشْكِركَ بِهِ؟ ﴾ [النساء: ٤٨]

"নিশ্যুই আল্লাহ শির্কের গোনাহ ক্ষমা করেন না" (নিসা ১১৬)। নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন,

"যে ব্যক্তি আল্লাহ্র সাথে শির্ক না করে মৃত্যুবরণ করবে, সে জান্নাতে প্রবেশ করবে। পক্ষান্তরে যে ব্যক্তি আল্লাহ্র সাথে শির্ক করে মৃত্যুবরণ করবে, সে জাহান্নামে প্রবেশ করবে" (মুসলিম)।

২. ছোট শির্কঃ যেমন: লোক দেখানো ইবাদত। নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন,

﴿إِنَّ أَخْوَفَ مَا أَخَافُ عَلَيْكُمُ الشِرْكُ الْأَصْغَرُ " قَالُوا: وَمَا الشِرْكُ الْأَصْغَرُ يَا رَسُولَ اللهِ ؟ قَالَ: " الرّبَاءُ»

"যে বিষয়ে আমি তোমাদের উপরে সবচেয়ে বেশি ভয় করি, তা হল ছোট শির্ক"। ছাহাবায়ে কেরাম (রাদিয়াল্লাছ
'আনহুম) তাঁকে জিজ্ঞেস করলেন, হে আল্লাহ্র রাসূল! ছোট শির্ক কি? তিনি বললেন, "ছোট শির্ক হচ্ছে লোক
দেখানো ইবাদত" (মুসলিম)। অনুরূপভাবে আল্লাহ ছাড়া অন্যের নামে শপথ করাও ছোট শির্কের অন্তর্ভুক্ত। নবী
সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন.

«مَنْ حَلَفَ بِغَيْرِ اللَّهِ فَقَدْ كَفَرَ أَوْ أَشْرَكَ»

"যে ব্যক্তি আল্লাহ ছাড়া অন্যের নামে শপথ করে, সে কুফরী করে অথবা শির্ক করে" (তিরমিযী)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1520

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন